বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২৮ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৪০.০৬.২২-৫৮। বাংলাদেশ নির্বাচন কমিশন উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৮৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৭ মে, ২০২৩ খ্রি. তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৯.৩৪৯নং স্মারকমূলে জারিকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭(১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া ও তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩ নং কলামে বর্ণিত উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ৪নং কলামে বর্ণিত ০১(এক) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ১০ জুন, ২০২৩ খ্রি. হতে ১৪ জুন, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলো:

"তফসিল"

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ময়মনসিংহ | তারাকান্দা | জনাব মোঃ ইকবাল হোসেন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেট দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেওয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর এর E-mail address: ds_law@ecs.gov.bd এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন:

"ছক"

জেলার নাম:.....                                        উপজেলার নাম:.....

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য জেলা প্রশাসক, ময়মনসিংহ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরিউক্ত ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য পুলিশ সুপার, ময়মনসিংহ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৮। বর্ণিত ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

২৮.০৫.২০২৩

(মোঃ আব্দুছ সালাম)
উপসচিব (আইন)
ফোন : ০২-৫৫০০৭৫৩৬
E-mail: ds_law@ecs.gov.bd

১৭.০০.০০০০.০৪৫.৪০.০০৬.২২-৫৮

তারিখ: ২৮ মে, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা
৪. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৫. জেলা ও দায়রা জজ, ময়মনসিংহ
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্ট গার্ড, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ
৮. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. উপমহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ
১২. জেলা প্রশাসক, ময়মনসিংহ
১৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
১৪. পুলিশ সুপার, ময়মনসিংহ
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ
১৮. রিটার্নিং অফিসার,..........(সংশ্লিষ্ট)
১৯. উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস) তেঁজগাও, ঢাকা [**অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করত: মুদ্রিত গেজেটের ২০(বিশ) কপি সরকারি কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**
২০. জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
২১. উপজেলা নির্বাহী অফিসার,.......(সংশ্লিষ্ট)
২২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.......(সংশ্লিষ্ট)
২৩. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-২)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সহকারী রিটার্নিং অফিসার,........(সংশ্লিষ্ট)
২৮. উপজেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট)
২৯. অফিসার ইনচার্জ,........................(সংশ্লিষ্ট)
৩০. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

28.05.2023

(মোছাঃ শাহিনুর আক্তার)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭